বিসমিল্লাহির রাহমানির রাহিম

# ইসলাহুননিসা মহিলা মাদ্রাসা

নরিল্যা, ধনবাড়ি, টাংগাইল

# আত-তাওহীদ ওয়াস-সুন্নাহ বালক মাদ্রাসা

নরিল্যা, ধনবাড়ি, টাংগাইল

প্রতিষ্ঠাতা পরিচালক: ইঞ্জিনিয়ার মুহাম্মদ আন্ওয়ার হুসেন

## মাদ্রাসার পরিচিতি ও সিলেবাস

**এখানে নার্সারী থেকে দাওরায়ে হাদিস পর্যন্ত পড়ানো হয় এবং একই সাথে অর্থসহ পবিত্র কুরআন হেফজ করানো হয়।**

### প্রতিষ্ঠান দুটি স্থাপনের উদ্দেশ্য:

১। আল্লাহ সুবহান ওয়া তা'আলার সন্তুষ্টি অর্জন।

২। ভেজালমুক্ত ইসলাম অর্থাৎ সরাসরি কুর'আন ও সহীহ হাদিসের আলোকে ইসলাম শিক্ষা দেওয়া।

৩। অর্থ ও তাফসীরসহ পুরো কুর'আন শিক্ষা দেয়া এবং রিয়াদুসসালিহীন, বুলুগ আল-মারাম, বুখারী, মুসলিম, তিরমিজি, আবু দাউদ, ইবনে মাজাহ ও নাসাঈ কিতাবগুলো পড়ে শেষ করা।

৪। জ্ঞান অর্জনের পরপরই তা আমলে পরিণত করা (আমল ছাড়া জ্ঞানের কোন মূল্য নেই)।

৫। অষ্টম শ্রেণী পর্যন্ত বাংলা, অংক ও ইংরেজি শিক্ষা দেয়া।

৬। একই সময়ে দাওরায়ে হাদিস ও অর্থসহ হেফজ শেষ করা।

যোগাযোগের ঠিকানাঃ

নরিল্যা, ধনবাড়ি, টাংগাইল।

মোবাইল: ০১৭৩২-১০২৮৬৫

E-mail: sarkeranwar@gmail.com

**মাদ্রাসা দুটির পরিচিতিঃ**

মাদ্রাসা দুটি প্রতিষ্ঠার পিছনে আমাদের উদ্দেশ্য

আমাদের প্রধান উদ্দেশ্য হলো ঈমান এবং আমলসহ সু-শিক্ষা দেয়া, যা বর্তমান জামানায় খুব কম জায়গাতেই দেয়া হয়ে থাকে। ঈমান শিক্ষার জন্য নির্ভেজাল জ্ঞানের ও নিয়মিত আমলের প্রয়োজন। কাজেই আমাদের শিক্ষা দানের মাধ্যম হচ্ছে পুরোপুরি কুরআন ও সুন্নাহ (সহীহ হাদিস) ভিত্তিক এবং জ্ঞান অর্জনের সাথে সাথে তা আমল করানোর মাধ্যমে বাস্তবে পরিণত করা আমাদের প্রধান লক্ষ্য। কুরআন-সুন্নাহ আকড়িয়ে ধরাকে এবং তদানুযায়ী আমল করাকে আমরা সর্বাধিক প্রাধান্য দেই।

যে শ্রেণী থেকে যে শ্রেণী পর্যন্ত পড়ানো হয়ঃ

মহিলা মাদ্রাসাঃ নার্সারী থেকে দাওরায়ে হাদিস (অর্থাৎ ১৩তম শ্রেণী) পর্যন্ত শিক্ষা দেয়া হচ্ছে।

বালক মাদ্রাসাঃ নার্সারী থেকে দাওরায়ে হাদিস (অর্থাৎ ১৩তম শ্রেণী) পর্যন্ত শিক্ষা দেয়া হবে, ইনশা আল্লাহ। বর্তমানে ৭ম শ্রেণী পর্যন্ত পড়ানো হচ্ছে। ইনশাআল্লাহ, প্রতি বৎসর একটি করে শ্রেণী বাড়ানো হবে।

মহিলা ও বালক মাদ্রাসার সিলেবাস এবং পড়ালেখার নিয়ম-কানুন একই। কাজেই এখানে শুধু মহিলা মাদ্রাসার বর্ণনা দেয়া হলো। এই বর্ণনা বালক মাদ্রাসার জন্যও প্রযোজ্য।

কারা এখানে পড়াশুনা করে

মাদ্রাসাটি পুরোপুরি আবাসিক। এখানে বাংলাদেশের বিভিন্ন জিলা থেকে আসা ছাত্রীরা অধ্যয়ন করছে। এলাকার বেশির ভাগই হানাফী সম্প্রদায়। কাজেই অল্প কয়েকজন বাদে এলাকার ছাত্রী নাই বললেই চলে। সাত বৎসর বয়স থেকে শুরু করে কলেজে পড়া ও হেফজ পাশ করা মেয়েরা এবং বিবাহীতা নারীরা এখানে এসে ভর্তি হয়।

কম বয়সী মেয়েদেরকে নিয়মিত শ্রেণী ভিত্তিক শিক্ষা দান করা হয় অর্থাৎ তারা নার্সারী থেকে শুরু করে ক্রমান্বয়ে উপরের দিকে উঠতে থাকে। কিন্তু বেশি বয়সের, বিশেষ করে, যারা স্কুল, কলেজ বা হেফজ পড়ে আসে তাদের জন্য শারীয়া শ্রেণী নামে এক বিশেষ শ্রেণী খোলা হয়েছে। ইহা করা হয়েছে এই বিবেচনা করে যে অনেকে হয়ত আরবী পারেনা, আবার কারও হয়ত আরবী-তে দক্ষতা আছে কিন্তু কুরআন-হাদিসের জ্ঞান নেই তাহলে এরা কোন্ শ্রেণীতে পড়বে? কাজেই তারা যে বিষয়টি ভাল পারেনা সে বিষয়টি নিচের শ্রেণী থেকে পড়বে এবং যে বিষয়টি ভাল পারে সে বিষয়টি উপরের শ্রেণী থেকে পড়বে। শুধু তাই নয়, কেউ চাইলে সে তার নিজের জন্য যে কোন বিষয় বেছে নিতে পারবে। ধরা যাক রিয়াদুস-সালিহীন; এই হাদিসের কিতাবটি তৃতীয় শ্রেণী থেকে শুরু করে ১০ম/১১দশ শ্রেণী পর্যন্ত পড়ানো হয়। একজন শারীয়া শ্রেণীর ছাত্রী চাইলে সে এই রিয়াদুস-সালিহীন একাধিক শ্রেণীর সাথে পড়তে পারবে।

**কুরআন শিক্ষা**

প্রতি শ্রেণীতে কুরআন মুখস্থ করানো করা হয়। আরবী ব্যাকরণ, সাহিত্য এবং কুরআন মুখস্থ, কুরআন রিডিং, তাজবীদ শিক্ষা এবং কুরআনের অর্থসহ, তরজমা ভিন্ন ভিন্ন ঘন্টায় পড়ানো হয়। এক ঘন্টায় কুরআন মুখস্থ করানো হয় এবং একই সুরার তাফসিরসহ তরজমা অন্য ঘন্টায় পড়ানো হয়। কাজেই কোন সুরা যখন পড়ানো শেষ হয়ে যায় তখন সুরাটির প্রতিটি শব্দের অর্থ, তরজমা এবং সুরাটিতে যেসব বিষয় উল্লেখ করা হয়েছে তার সবই জানা হয়ে যায় এবং পরীক্ষায়

তদনুযায়ী প্রশ্ন করা হয়, যেমনঃ

ফেরেস্তাদেরকে আদম (আঃ)-কে সিজদা করতে আদেশ করলে ইবলিস যে কারণে সিজদা করেনি তা সুরা বাকারার আলোকে বর্ণনা কর।

(সুরা বাকারার ৩৪নং আয়াতটিই এই প্রশ্নের উত্তর)

আল্লাহ তা'আলা আদম (আঃ) ও হাওয়াকে যে শর্তে জান্নাতে থাকার অনুমতি দিয়েছিলেন তা সুরা বাকারার আলোকে বর্ণনা কর।

(সুরা বাকারার ৩৫নং আয়াটিই এই প্রশ্নের উত্তর) । পরীক্ষায় প্রশ্নের উত্তর তরজমাসহ আরবী-তে লিখতে হয়।

কেউ এভাবে নার্সারী থেকে দাওরা পর্যন্ত অধ্যয়ন করলে সে যে শুধু অর্থসহ কুরআনের হাফেজ হতে পারবে তাই নয়, সে ৮ম শ্রেণী পর্যন্ত পড়ে নিজেই কুরআনের অর্থ করতে পারবে এবং দাওরা শেষে কুরআনের যে কোন বিষয়ে সে সম্পর্কিত আয়াতগুলো অর্থসহ বলে দিতে পারবে, ইনশা আল্লাহ।

**হাদিস শিক্ষা**

এখানে তৃতীয় শ্রেণী থেকে রিয়াদুস সালিহীন এবং ৬ষ্ঠ শ্রেণী থেকে বুলুগ আল-মারাম শিক্ষা দেয়া হয় এবং ৮ম শ্রেণী থেকে দাওরা শেষ হওয়া পর্যন্ত শিক্ষা দেয়া হয় কুতুবে সিত্তার কিত-াবগুলো অর্থাৎ বুখারী, মুসলিম, তিরমিদি, আবু দাউদ, ইবনে মাজা এবং সুনান নাসাঈ। প্রতিটি হাদিসের বিষয়-বস্তু অর্থাৎ ইহার করণীয়-বর্জনীয় বিষয়গুলো বিস্তারিতভাবে আলোচনা করা হয় ও চিহ্নিত করা হয়। তারপর সেখান থেকে প্রশ্ন করা হয় এবং প্রশ্নের উত্তরগুলো হুবুহু আল্লাহর রাসুল (সাঃ) এর উক্তি অনুযায়ী লিখে দেয়া হয়। যেমনঃ

২২০। কোনো এলাকায় মহামারী লাগলে রাসুল (সাঃ) যা করতে আদেশ করেছেন তা বর্ণনা কর। (রিয়াদুস সালিহীন হাদিস নং ১৭৯১-১৭৯২)

উত্তর: রাসুল (সাঃ) বলেছেন: "কোন এলাকায় মহামারী লাগার সংবাদ পেলে তোমরা সেখানে প্রবেশ করবে না। কিন্তু ইহা যদি তোমাদের স্থনে শুরু হয় তবে সে এলাকা ত্যাগ করবে না।"

রিয়াদুস-সালিহীন ও বুলুগ আল-মারামের প্রায় সব গুরুত্বপূর্ণ হাদিসগুলো অর্থসহ মুখস্থ করানো হয়।

এভাবে সব গুরুত্বপুর্ণ হাদিসগুলো থেকে ইসলামের প্রয়োজনীয় বিধানগুলো শিখানো হয় এবং মুখস্থ করানো হয়। কাজেই আমাদের অস্টম শ্রেণীর একজন ছাত্রী ইসলামের বিধানের উপর যতটুকু জ্ঞান রাখে, আমাদের বিশ্বাস অন্য প্রতিস্ঠানের কোন দাওরা পাশ করা আলিমেরও একই বিষয়ে ততটুকু জ্ঞান হয়না।

তাওহীদ, সঠিক জ্ঞান এবং আমল

নার্সারী থেকে দ্বিতীয় শ্রেণী পর্যন্ত "ছোটদের তাওহীদ" নামক বই থেকে তাওহীদের মুল বিষয়গুলো শিক্ষা দেয়া হয় এবং "একজন মুসলিমের দৈনন্দিন জীবন" নামক বই থেকে সালাত ও দৈনন্দিন জীবনের আমল সংক্রান্ত দু'আসহ ও অন্যান্য বিষয় পড়ানো হয়। কাজেই দ্বিতীয় শ্রেণীতে কয়েক মাস অধ্যয়নের পর আমাদের একজন ছাত্রী আপনাকে শুধু যে দৈনন্দিন জীবনের আমলগুলোর কথা বলে দিতে পারবে তাই নয়, বরং আপনি তাদেরকে দেখতে পাবেন যে তারা রাসুল (সাঃ)-এর সুন্নাহ অনুযায়ী এসব আমল নিয়মিত সম্পাদন করছে। উদাহরণ

স্বরূপ: সকালে ঘুম থেকে উঠে কি বলতে হবে, টয়লেটে প্রবেশ ও বের হওয়ার সময়, ওজুর শুরুতে ও শেষে, খাবার শুরুতে ও শেষে, বাড়ি থেকে বের হওয়ার ও প্রবেশের সময়, মসজিদে প্রবেশ ও বের হওয়ার সময়, আজানের সময় ও আজানের শেষে, সকাল-সন্ধ্যায় ও রাতে কি বলতে হবে ইত্যাদি ইত্যাদি। এ ছাড়া সালাতের নিয়ম কানুনসহ রুকুতে, রুকু থেকে দাড়িয়ে, সিজদায়, দুই সিজদার মাঝে, বৈঠকে, সালামের পুর্বে এবং সালামের পরে যা বলতে হবে তা আপনাকে আমাদের একজন দ্বিতীয় শ্রেণীর ছাত্রী অর্থসহ বলে দিতে পারবে, ইনশা আল্লাহ। এছাড়াও এরকম ছোটদের অনেককেই দেখতে পাবেন যে তারা নিজেদের ইচ্ছায় রাসুল (সাঃ)-এর সুন্নাহ অনুযায়ী দোহার সালাত আদায় করছে, সোমবার ও বৃহস্পতিবারে এবং চন্দ্র মাসের ১৩, ১৪ ও ১৫ তারিখে সিয়াম পালন করছে। আলহামদুল্লিাহ!

উপরে উল্লেখিত বই দুটি আমরাই ছোটদের প্রয়োজন অনুযায়ী লিখেছি যাতে করে তাদেরকে তাওহীদ ও সঠিক জ্ঞান শিক্ষা দেয়া যায় এবং তাদেরকে আমলগুলো নিয়মিত করানো যায়।

জেনারেল বিষয় শিক্ষা নার্সারী থেকে ৮ম শ্রেণী পর্যন্ত বাংলা, অংক ও ইংরেজী শিক্ষা দেয়া হয়। সমাপনী বা দাখিল পরীক্ষা দেয়ার সুযোগ দেয়া হয়।

কখন ভর্তি করা হয়

আমরা যেকোন সময়ে ভর্তি করি। তবে আমাদের একাডেমিক বৎসর শুরু হয় রমজানের পর থেকে।

আমাদের মহিলা মাদ্রাসা ও ছেলে মাদ্রাসার নার্সারী থেকে দাওরা শেষ হওয়া পর্যন্ত এবং অর্থসহ হেফজ শেষ হওয়া পর্যন্ত সিলেবাসঃ

## নার্সারী

১। কুরআন মুখস্থ - ৩০ পারা সুরাসমুহ হেফজ করা

২। মুসলিম বালক-বালিকার দৈনন্দিন জীবন - ভোরে ঘুম থেকে উঠার পর থেকে শুরু করে রাতে ঘুমানোর আগ পর্যন্ত দৈনন্দিন জীবনের ফরজ, সুন্নাত ও নফল আমলসমুহের অর্থসহ ধারাবাহিক শিক্ষা এবং তা আমল করানো

৩। ছোটদের তাওহীদ ও ইসলাম শিক্ষা - আল্লাহ তা'আলার একত্ববাদ ও ইসলামের বিভিন্ন মৌলিক বিষয় শিক্ষা

৪। সালাত (নামাজ) শিক্ষা - সালাতের শুরু থেকে শেষ পর্যন্ত প্রতিটি বিষয় রাসুল (সাঃ) এর সুন্নাত অনুযায়ী অর্থসহ প্র্যাকটিকালী শিখানো ও আমল করানো

৫। মুহাম্মদী কায়দা - আরবী অক্ষর, কায়দাসমুহ পড়া ও লেখা শিক্ষা এবং দু'আ শিক্ষা

৬। ছোট কায়দা - আরবী শব্দের বানান ও লেখা শিক্ষা

৭। এসো ইসলামী কায়দায় আরবী শিখি - শব্দার্থ শিক্ষা

৮। নুরানী বাংলা শিক্ষা - অক্ষর পরিচিতি, বানান ও লেখা শিক্ষা

৯। এসো ইসলামী কায়দায় বাংলা শিখি - বাংলা সাহিত্য

১০। নুরানী অংক শিক্ষা

১১। ইসলামী কায়দায় মাদরাসা A B C - ইংলিশ অক্ষর পড়া ও লেখা শিক্ষা

১২। কুরআন ও হাদিস থেকে গল্প পড়ে শুনানো

## ১ম শ্রেনী

১। কুরআন মুখস্থ – ২৯ পারা সুরাসমুহ হেফজ করা

২। মুসলিম বালক–বালিকার দৈনন্দিন জীবন – ভোরে ঘুম থেকে উঠার পর থেকে শুরু করে রাতে ঘুমানোর আগ পর্যন্ত দৈনন্দিন জীবনের ফরজ, সুন্নাত ও নফল আমলসমুহের অর্থসহ ধারাবাহিক শিক্ষা এবং তা আমল করানো

৩। ছোটদের তাওহীদ ও ইসলাম শিক্ষা – আল্লাহ তা'আলার একত্ববাদ ও ইসলামের বিভিন্ন মৌলিক বিষয় শিক্ষা

৪। সালাত (নামাজ) শিক্ষা – সালাতের শুরু থেকে শেষ পর্যন্ত প্রতিটি বিষয় রাসুল (সাঃ) এর সুন্নাত অনুযায়ী অর্থসহ প্র্যাকটিকালী শিখানো ও আমল করানো।

৫। মুহাম্মদী কায়দা – কায়দাসমুহ পড়া ও লেখা শিক্ষা এবং দু'আ শিক্ষা

৬। ছোট কায়দা – আরবী শব্দের বানান ও লেখা শিক্ষা

৭। এসো ইসলামী কায়দায় আরবী শিখি – শব্দার্থ শিক্ষা

৮। নুরানী বাংলা শিক্ষা – শব্দ গঠন, বানান ও লেখা শিক্ষা

৯। এসো ইসলামী কায়দায় বাংলা শিখি – বাংলা সাহিত্য রিডিং পড়া শিক্ষা ও প্রশ্নোত্তর

১০। আদর্শ ধারাপাত ও অংক শিক্ষা

১১। মাই ফার্স্ট ইংলিশ রিডার (। )– বর্ণ, শব্দ ও ভাষা শিক্ষা

১২। কুরআন ও হাদিস থেকে গল্প পড়ে শুনানো

২য় শ্রেনী এবং শারীয়া শ্রেণী

১। কুরআন মুখস্থ – ২৮ পারা সুরাসমুহ হেফজ করা

২। তাজবীদ শিক্ষা ও কুরআন রিডিং পড়া

৩। কুরআন তরজমা – ৩০ পারার ছোট সুরামুহের শব্দার্থসহ তরজমা

৪। মুসলিম বালক–বালিকার দৈনন্দিন জীবন – ভোরে ঘুম থেকে উঠার পর থেকে শুরু করে রাতে ঘুমানোর আগ পর্যন্ত দৈনন্দিন জীবনের ফরজ, সুন্নাত ও নফল আমলসমুহের অর্থসহ ধারাবাহিক শিক্ষা এবং তার আমল করানো

৫। ছোটদের তাওহীদ ও ইসলাম শিক্ষা – আল্লাহ তা'আলার একত্ববাদ ও ইসলামের বিভিন্ন মৌলিক বিষয় শিক্ষা

৬। মুহাম্মদী কায়দা – আরবী ব্যাকরণ ও ভাষা শিক্ষা

৭। আল কিরাআতুল আরাবিয়্যা – শব্দার্থ

৮। ছোট কায়দা – আরবী শব্দের বানান ও লেখা শিক্ষা

৯। নুরানী বাংলা শিক্ষা – শব্দ গঠন, বানান, লেখা ও সহজ ব্যাকরণ শিক্ষা

১০। আদর্শ মুসলিম বাংলা সাহিত্য – রিডিং পড়া, বাক্য গঠন, রচনা ও প্রশ্নোত্তর

১১। নুরানী অংক শিক্ষা

১২। মাই ফার্স্ট ইংলিশ রিডার (। ) – শব্দ ও বাক্য গঠন, শব্দার্থ, ও ভাষা শিক্ষা

১৩। কুরআন ও হাদিস থেকে গল্প পাঠ এবং এসব থেকে শিক্ষণীয় বিষয় সমুহের বিস্তারিত আলোচনা।

## ৩য় শ্রেণী এবং শারীয়া শ্রেণী

১। কুরআন মুখস্থ – ২৭ পারা সুরাসমুহ হেফজ করা

২। তাজবীদ শিক্ষা ও কুরআন রিডিং পড়া

৩। কুরআন তরজমা শব্দার্থ ও তাফসিরসহ। প্রতিটি সুরার বিষয় ভিত্তিক প্রশ্নোত্তর – ৩০ পারা [সুরা নং ৮৩ থেকে ১১৪]

৪। কুরআন ৩০ পারা সুরাসমুহ লেখা শিক্ষা

৫। রিয়াদুস সালিহীন – অধ্যায়ঃ জিকির, দু'আ ও হারাম বিষয়সমুহ। প্রতিটি হাদিস থেকে করণীয় ও বর্জনীয় বিষয়ের প্রশ্নোত্তর এবং প্র্যাকটিক্যাল আমল শিক্ষা দেয়া
[হাদিস নং ১৪০৮ থেকে ১৭০০]

৬। এসো আরবী শিখি ১ম খন্ড – আরবি ভাষা শিক্ষা

৭। আদর্শ মুসলিম বাংলা সাহিত্য

৮। বাংলা ব্যাকরণ

৯। সাধারণ গণিত

১০। ইংলিশ সাহিত্য

১১। ইংলিশ গ্রামার

১২। কুরআন ও হাদিস থেকে গল্প পাঠ এবং এসব থেকে শিক্ষণীয় বিষয় সমুহের বিস্তারিত আলোচনা।

## চতুর্থ শ্রেণী এবং শারীয়া শ্রেণী

১। কুরআন মুখস্থ – ২৬ পারা সুরাসমুহ হেফজ করা

২। তাজবীদ শিক্ষা ও কুরআন রিডিং পড়া

৩। কুরআন তরজমা শব্দার্থ ও তাফসিরসহ। প্রতিটি সুরার বিষয় ভিত্তিক প্রশ্নোত্তর – ২৯ ও ৩০ পারা [সুরা নং ৬৭ থেকে ৮২]

৪। কুরআনের ২৮–২৯ পারা সুরাসমুহ লেখা শিক্ষা

৫। রিয়াদুস সালিহীন – অধ্যায়ঃ হারাম বিষয়সমুহ, বিভিন্ন গুরুত্বপূর্ণ হাদিসসমূহ [হাদিস নং ১৭০১ থেকে ১৮৯৬], অধ্যায়ঃ জ্ঞান, আল্লাহর প্রশংসা ও তাঁর প্রতি কৃতজ্ঞতা, রাসুল (সাঃ) এর জন্য আল্লাহ তা'আলার নিকট দু'আ ও দরূদ [হাদিস নং ১৩৭৬ থেকে ১৪০৭] প্রতিটি হাদিস থেকে করণীয় ও বর্জনীয় বিষয়ের প্রশ্নোত্তর এবং প্র্যাকটিক্যাল আমল শিক্ষা দেয়া।

৬। এসো আরবী শিখি ১ম ও ২য় খন্ড – আরবি ভাষা শিক্ষা

৭। মিজান (আরবী ব্যাকরণ)

৮। আরবী ছাফওযাতুল মাছাদির (শব্দার্থ)

৯। আদর্শ মুসলিম বাংলা সাহিত্য

১০। বাংলা ব্যাকরণ

১১। সাধারণ গণিত

১২। ইংলিশ সাহিত্য

১৩। ইংলিশ গ্রামার

১৪। কুরআন ও হাদিস থেকে গল্প পাঠ এবং এসব থেকে শিক্ষণীয় বিষয় সমুহের বিস্তারিত আলোচনা।

## ৫ম শ্রেণী এবং শারীয়া শ্রেণী

১। কুরআন মুখস্থ – ২৫ পারা সুরাসমুহ হেফজ করা

২। কুরআন তরজমা শব্দার্থ ও তাফসিরসহ। প্রতিটি সুরার বিষয় ভিত্তিক প্রশ্নোত্তর – ২৭ পারা ও ২৮ পারা [সুরা নং ৫২ থেকে ৬৬]

৩। রিয়াদুস সালিহীন – অধ্যায়ঃ বিভিন্ন আমলের ফজিলত [হাদিস নং ৯৯১ থেকে ১২৬৭] প্রতিটি হাদিস থেকে করণীয় ও বর্জনীয় বিষয়ের প্রশ্নোত্তর এবং প্র্যাকটিক্যাল আমল শিক্ষা দেয়া।

৪। এসো আরবী শিখি ২য় ও ৩য় খন্ড – আরবি ভাষা শিক্ষা

৫। মিজান ও মুনশাইব (আরবী ব্যাকরণ)

৬। আরবী ছাফওযাতুল মাছাদির (শব্দার্থ)

৭। আমাদের নবী ও তার আদর্শ / সাহাবীদের জীবনি

৮। আদর্শ মুসলিম বাংলা সাহিত্য

৯। বাংলা ব্যাকরণ

১০। সাধারণ গণিত

১১। ইংলিশ সাহিত্য

১২। ইংলিশ গ্রামার

## ৬ষ্ঠ শ্রেণী এবং শারীয়া শ্রেণী

১। কুরআন মুখস্থ – ১–৪ পারা সুরাসমুহ হেফজ করা

২। কুরআন তরজমা শব্দার্থ ও তাফসিরসহ। প্রতিটি সুরার বিষয় ভিত্তিক প্রশ্নোত্তর – ১ থেকে ৩ পারা [সুরা আল–বাকারাহ ও আল–ইমরান]

৩। রিয়াদুস সালিহীন – অধ্যায়ঃ হাজ্জ ও জিহাদ [হাদিস নং ১২৬৮ থেকে ১৩৭৫] অধ্যায়ঃ অসুস্থকে দেখতে যাওয়া [হাদিস নং ৮৯৪–৯৫৫] প্রতিটি হাদিস থেকে করণীয় ও বর্জনীয় বিষয়ের প্রশ্নোত্তর।

৪। বুলুগ আল–মারাম – শরীয়তের বিধান ভিত্তিক হাদিসসমুহ [ হাদিস নং ১ থেকে ৫৫০]

৫। আর–রাহিকুল মাখতুম [ইসলামের ইতিহাস]

৬। এসো আরবী শিখি ৩য় খন্ড – আরবি ভাষা শিক্ষা

৭। নাহুবেমির [আরবী ব্যাকরণ]

৮। আদর্শ মুসলিম বাংলা সাহিত্য

৯। বাংলা ব্যাকরণ

১০। সাধারণ গণিত

১১। ইংলিশ সাহিত্য

১২। ইংলিশ গ্রামার

### ৭ম শ্রেণী এবং শারীয়া শ্রেণী

১। কুরআন মুখস্থ –৫–৮ পারা সুরাসমুহ হেফজ করা

২। কুরআন তরজমা শব্দার্থ ও তাফসিরসহ। প্রতিটি সুরার বিষয় ভিত্তিক প্রশ্নোত্তর - ৪ থেকে ৬ পারা [সুরা আল-ইমরান, আন-নিসা, আল-মা-ইদাহ, আন-আম]

৩। রিয়াদুস সালিহীন - অধ্যায়ঃ ভ্রমণের আদব [হাদিস নং ৯৫৬-৯৯০] অধ্যায়: সালামের আদব [হাদিস নং ৮৪৫-৮৯৩] অধ্যায়: পোশাক, ঘুমানোর, শয়নের ও বসার আদব [হাদিস নং ৭৭৯-৮৪৪] প্রতিটি হাদিস থেকে করণীয় ও বর্জনীয় বিষয়ের প্রশ্নোত্তর এবং প্র্যাকটিক্যাল আমল শিক্ষা দেয়া।

৪। বুলুগ আল-মারাম - শরীয়তের বিধান ভিত্তিক হাদিসসমুহ [ হাদিস নং ৫৫১ থেকে ১১০০]

৫। আর-রাহিকুল মাখতুম [ইসলামের ইতিহাস]

৬। নাহুবেমির [আরবী ব্যাকরণ]

৭। ইলমুছছরফ [আরবী ব্যাকরণ]

৮। আদর্শ মুসলিম বাংলা সাহিত্য

৯। বাংলা ব্যাকরণ

১০। সাধারণ গণিত

১১। ইংলিশ সাহিত্য

১২। ইংলিশ গ্রামার

## দাওরা শ্রেণী [৮ম শ্রেণী এবং শারীয়া শ্রেণী]

১। কুরআন মুখস্থ - ৯-১৩ পারা সুরাসমুহ হেফজ করা

২। কুরআন তরজমা শব্দার্থ ও তাফসিরসহ। প্রতিটি সুরার বিষয় ভিত্তিক প্রশ্নোত্তর - ৬ থেকে ৯ পারা [সুরা আল-মা-ইদাহ, আন-আম, আল-আরাফ]

৩। রিয়াদুস সালিহীন - অধ্যায়ঃ ইখলাস, তাওবা, ধৈর্য, সত্যবাদিতা, আমলের ব্যাপারে সতর্কতা, আল্লাহ ভীতি, আল্লাহর উপর দৃঢ় বিশ্বাস ও পরিপুর্ণ নির্ভরশীলতা, দ্বীনের উপর অটল থাকা, সৎ আমল সম্পাদনে দ্রুত এগিয়ে যাওয়া, দ্বীনের কাজে আপ্রাণ চেষ্টা করা, শেষ বয়সে বেশি বেশি সৎ আমল করা, নানা ধরণের সৎ আমল করা, ইবাদতের ব্যাপারে মধ্যম পন্থ অবলম্বন করা, নিয়মিত সৎ আমল করা, সুন্নার সাথে লেগে থাকা, আল্লাহ তা'আলার আদেশ মান্য করা এক কর্তব্য, বিদাআত হারাম, সৎ কাজের আদেশ করা এবং অসৎ কাজে বাধা দেয়া, অন্যকে সৎ কাজের আদেশ করা এবং অসৎ কাজে বাধা দেয়া কিন্তু নিজে তা না করার শাস্তি [হাদিস নং ১-১৯৮] প্রতিটি হাদিস থেকে করণীয় ও বর্জনীয় বিষয়ের প্রশ্নোত্তর এবং প্র্যাক-টিক্যাল আমল শিক্ষা দেয়া।

৪। বুলুগ আল-মারাম - শরীয়তের বিধান ভিত্তিক হাদিসসমুহ [ হাদিস নং ১১০১ থেকে ১৬১১]

৫। বুখারী [হাদিস নং ১-১৩০০]

৬। মুসলিম [হাদিস নং ১-১৩০০]

৭। নাসাঈ [হাদিস নং ১-১১০০]

৮। হেদায়াতুননাহু [আরবী ব্যাকরণ]

৯। ইলমুছছরফ [আরবী ব্যাকরণ]

১০। আদর্শ মুসলিম বাংলা সাহিত্য

১১। বাংলা ব্যাকরণ

১২। সাধারণ গণিত

১৩। ইংলিশ সাহিত্য

১৪। ইংলিশ গ্রামার

## দাওরা শ্রেণী [৯ম শ্রেণী এবং শারীয়া শ্রেণী]

১। কুরআন মুখস্থ - ১৪-১৭ পারা সুরাসমুহ হেফজ করা

২। কুরআন তরজমা শব্দার্থ ও তাফসিরসহ। প্রতিটি সুরার বিষয় ভিত্তিক প্রশ্নোত্তর - ৯ থেকে ১২ পারা [সুরা আন-ফাল, আত-তাওবা এবং ইউনুস ইউনুস, হুদ, ইউসুফ]

৩। রিয়াদুস সালিহীন - অধ্যায়ঃ আমানত ফেরত দেয়া, জুলুম হারাম এবং অন্যের হক প্রতিস্ঠা, মুসলিমদের পরস্পরের প্রতি সম্পর্ক ও দায়িত্ব, অন্য মুসলিমের দোষ গোপন করা, সুপারিশ, মানুষের মাঝে শান্তি প্রতিস্ঠা করা, গরীব মুসলিমদের শ্রেস্ঠতা, ইয়াতিমদের প্রতি আচরণ, নারীদের ব্যাপারে উপদেশ, স্বামীর অধিকার, পরিবারের ভরণ-পোষণ, আল্লাহর ওয়াস্তে প্রিয় জিনিস ব্যায় করা, প্রতিবেশির হক, পিতা-মাতা ও রক্তের সম্পর্ক আত্মীয়দের সাথে দয়াসুলভ আচরণ, পিতা-মাতার অবাধ্য হওয়া হারাম, পিতা-মাতার বন্ধুদের কল্যাণ করা, রাসুল সাঃ এর পরিবারের প্রতি শ্রদ্ধা প্রদর্শন, বৃদ্ধ ও হক্কানী-আলেমদের প্রতি শ্রদ্ধা প্রদর্শন, ধার্মিক ব্যক্তিদের দেখতে যাওয়া ও তাদের সঙ্গ নেযা, আল্লাহর ওয়াস্তে ভালবাসা, আল্লাহর ভালবাসার নিদর্শন, ইসলামের কারণে ধার্মিক, দুর্বল ও গরীবদের উপর অত্যাচার করার বিরুদ্ধে হুশিয়ারী, শরীয়তের বিধান দ্বারা মানুষের মাঝে বিচার কার্য সম্পাদন করা, আল্লাহর ভয় [হাদিস নং ১৯৯-৪১১] প্রতিটি হাদিস থেকে করণীয় ও বর্জনীয় বিষয়ের প্রশ্নোত্তর এবং প্র্যাকটিক্যাল আমল শিক্ষা দেয়া।

৪। বুখারী [হাদিস নং ১৩০১-২৬০০]

৫। মুসলিম [হাদিস নং ১৩০১-২৬০০]

৬। নাসাঈ [হাদিস নং ১১০১-২২০০]

৭। ইবনে মাজাহ [হাদিস নং ১-১০০০]

৮। আবু দাউদ [হাদিস নং ১-১০০০]

৯। তিরমিধি [হাদিস নং ১-১০০০]

১০। হেদায়াতুননাহু [আরবী ব্যাকরণ]

১১। ইলমুছ ছিগা [আরবী ব্যাকরণ]

১২। আরবী সাহিত্য

## দাওরা শ্রেণী [১০ম শ্রেণী এবং শারীয়া শ্রেণী]

১। কুরআন মুখস্থ - ১৮-২১ পারা সুরাসমুহ হেফজ করা

২। কুরআন তরজমা শব্দার্থ ও তাফসিরসহ। প্রতিটি সুরার বিষয় ভিত্তিক প্রশ্নোত্তর- ১৪ থেকে ১৬ পারা [সুরা আল-হিজর এবং আন-নাহল আল ইসরাহ, আল কাহফ, মরিয়ম, তা-হা]

৩। রিয়াদুস সালিহীন - অধ্যায়ঃ আল্লাহর দয়ার আশা করা, ভাল আশা করার শ্রেস্ঠতা, আল্লাহর ভয়ে কান্নাকাটি করা, আত্মনিরোধী ও সাদাসিধাজীবন যাপন, আত্মতৃপ্তী ও আত্মসম্মান, উদারতার সৃস্ঠতা, পরকালের বিষয়ে

প্রতিযোগীতা, মৃত্যুকে স্মরণ করা, কবরস্থান ভ্রমণ করা, মৃত্যু কামনার প্রতি ঘৃণা, সংযমী জীবন ও সন্দেহ থেকে দুরে থাকা, ফিতনার সময় নির্জন জীবন-যাপন, মু'মিনদের প্রতি নিরঅহংকার ও ভদ্র আচরণ, অহংকার ও আত্মগর্বের নিন্দা [হাদিস নং ৪১২-৬২০] প্রতিটি হাদিস থেকে করণীয় ও বর্জনীয় বিষয়ের প্রশ্নোত্তর এবং প্র্যাকটিক্যাল আমল শিক্ষা দেয়া।

৪। বুখারী [হাদিস নং ২৬০১-৩৯০০]

৫। মুসলিম [হাদিস নং ২৬০১-৩৯০০]

৬। নাসাঈ [হাদিস নং ২২০১-৩৩০০]

৭। ইবনে মাজাহ [হাদিস নং ১০০১-২০০০]

৮। আবু দাউদ [হাদিস নং ১০০১-২০০০]

৯। তিরমিধি [হাদিস নং ১০০১-২০০০]

১০। হেদায়াতুননাহু [আরবী ব্যাকরণ]

১১। ইলমুছ ছিগা [আরবী ব্যাকরণ]

১২। আরবী সাহিত্য

## দাওরা শ্রেণী [১১দশ শ্রেণী এবং শারীয়া শ্রেণী]

১। কুরআন মুখস্থ - ২১-২৪ পারা সুরাসমুহ হেফজ করা

২। কুরআন তরজমা শব্দার্থ ও তাফসিরসহ। প্রতিটি সুরার বিষয় ভিত্তিক প্রশ্নোত্তর- ১৭ থেকে ২০ পারা [সুরা আম্বিয়া, আল-হাজ্জ, আল-মু'মিনুন, আন-নুর, আল-ফোরকান, আন-নামল]

৩। রিয়াদুস সালিহীন - অধ্যায়ঃ ভাল আচরণ, ক্ষমাশীলতা, সহিষ্ণুতা ও নম্রতা, অজ্ঞদের ক্ষমা করা, শরীয়তের বিধান লঙ্ঘন, অধীনস্থদের সাথে দয়াসুলভ আচরণ, ন্যায়পরায়ণ শাসক, শাসকের প্রতি আনুগত্যতা, পরহেজগার ব্যক্তিকে মুসলিমদের জন্য নিযুক্ত করা, আদব-কায়দা, খাবার আদব [হাদিস নং ৪১২-৭৭৮] প্রতিটি হাদিস থেকে করণীয় ও বর্জনীয় বিষয়ের প্রশ্নোত্তর এবং প্র্যাকটিক্যাল আমল শিক্ষা দেয়া।

৪। বুখারী [হাদিস নং ৩৯০১-৫২০০]

৫। মুসলিম [হাদিস নং ৩৯০১-৫২০০]

৬। নাসাঈ [হাদিস নং ৩৩০১-৪৪০০]

৭। ইবনে মাজাহ [হাদিস নং ২০০১-৩০০০]

৮। আবু দাউদ [হাদিস নং ২০০১-৩০০০]

৯। তিরমিধি [হাদিস নং ২০০১-৩০০০]

১০। কুরআন ও হাদিসের বিভিন্ন বিষয়ের উপর গভেষণামুলক লেখনি

## দাওরা শ্রেণী [১২দশ শ্রেণী এবং শারীয়া শ্রেণী]

১। কুরআন মুখস্থ - ২৫-২৬ পারা সুরাসমুহ হেফজ করা

১। কুরআন তরজমা শব্দার্থ ও তাফসিরসহ। প্রতিটি সুরার বিষয় ভিত্তিক প্রশ্নোত্তর- ২০ থেকে

২৩ পারা [সুরা আল-কাসাস, আল-আনকাবুদ, আররুম, লুকমান, আস-সাজদাহ, আল-আহযাব, সাবা, ফাতির, ইয়াসিন, আস-সাফফাত, সাদ]
২। বুখারী [হাদিস নং ৫২০১-৬৫০০]
৩। মুসলিম [হাদিস নং ৫২০১-৬৫০০]
৪। নাসাঈ [হাদিস নং ৪৪০১-৫৫০০]
৫। ইবনে মাজাহ [হাদিস নং ৩০০১-৪০০০]
৬। আবু দাউদ [হাদিস নং ৩০০১-৪০০০]
৭। তিরমিধি [হাদিস নং ৩০০১-৩৯৫৬]
৮। কুরআন ও হাদিসের বিভিন্ন বিষয়ের উপর গবেষণামুলক লেখনি।
৯। অর্থসহ হেফজ সমাপ্ত

## দাওরা শ্রেণী [১৩দশ শ্রেণী এবং শারীয়া শ্রেণী]

১। কুরআন তরজমা শব্দার্থ ও তাফসিরসহ। প্রতিটি সুরার বিষয় ভিত্তিক প্রশ্নোত্তর- ২৩ থেকে ২৬ পারা [সুরা সাদ, আল-জুমার, গাফির, ফুস্সিলাত, আশ-শুরা, আয-যুখরুফ, আদ-দুখান, আজ-জাথিয়া, আল আহকাফ, মুহাম্মাদ, আল-ফাত, আল-হুজুরাত, আল-কাফ, আদ-দারিয়াত]
২। বুখারী [হাদিস নং ৬৫০১-৭৫৬৩]
৩। মুসলিম [হাদিস নং ৬৫০১-৭৫৬৩]
৪। নাসাঈ [হাদিস নং ৫৫০১-৫৭৬১]
৫। ইবনে মাজাহ [হাদিস নং ৪০০১-৪৩৪১]
৬। আবু দাউদ [হাদিস নং ৪০০১-৫২৭৪]
৭। কুরআন ও হাদিসের বিভিন্ন বিষয়ের উপর গবেষণামুলক লেখনি।
৮। দাওরা সমাপ্ত

# ইসলাহুননিসা মহিলা মাদ্রাসা

নরিল্যা, ধনবাড়ি, টাংগাইল

# আত-তাওহীদ ওয়াস-সুন্নাহ বালক মাদ্রাসা

নরিল্যা, ধনবাড়ি, টাংগাইল

- ভর্তি তারিখঃ আমাদের বৎসর শুরু হয় রমজানের পর পরই।
  (কিন্তু আমাদের এখানে বছরের যেকোন সময় ভর্তির সুযোগ রয়েছে)
- ভর্তি ফিসঃ ২৫০০ টাকা

| মাসিক বেতন, থাকা ও খানা বাবত ফি | |
|---|---|
| স্পেশাল | ৩০০০ টাকা |
| নরমাল | ২০০০ টাকা |


**যোগাযোগের ঠিকানাঃ**

**নরিল্যা, ধনবাড়ি, টাংগাইল।**

**মোবাইল**ঃ ০১৭৩২-১০২৮৬৫

E-mail: sarkeranwar@gmail.com

ফেসবুকে আমাদের পেজ ভিজিট করুনঃ

https://www.facebook.com/islahunnisa1/

https://www.facebook.com/AtTawhidwasSunnah/